কালের কণ্ঠ

তারিখ 9 AUG 2017
পৃষ্ঠা ৩ কলাম ১

প্রগতিশীল ছাত্রজোটের সমাবেশে বক্তারা

# অবিলম্বে ডাকসু নির্বাচনের দাবি

**ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷**

'শিক্ষার্থীদের অধিকার আদায় ও বিশ্ববিদ্যালয়ে গণতান্ত্রিক চর্চা অক্ষুণ্ন রাখার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনের বিকল্প নেই। তাই বিশ্ববিদ্যালয়ে গণতান্ত্রিক পরিবেশ বজায় রাখতে অবিলম্বে ডাকসু নির্বাচন চাই।' গতকাল মঙ্গলবার দুপুরে কেন্দ্রীয় প্রগতিশীল ছাত্রজোটের পূর্বঘোষিত কর্মসূচির অংশ হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার , আয়োজনে অপরাজেয় বাংলার পাদদেশে এক সমাবেশে বক্তারা এ কথা বলেন।

সমাবেশে বিশ্ববিদ্যালয়ের হিসাববিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক মোসাহিদা সুলতানা, ছাত্র ইউনিয়নের ঢাকা বিশ্ববিদ্যালয় সভাপতি তুহিন কান্তি দাস, ছাত্র ফেডারেশনের সভাপতি উম্মে হাবিবা বেনজীর, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের বিশ্ববিদ্যালয় সভাপতি ইভা মজুমদার প্রমুখ বক্তব্য দেন। এর আগে ডাকসু নির্বাচনের দাবিতে বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে মিছিল বের করা হয়। মিছিলটি মধুর ক্যান্টিন থেকে শুরু হয়ে ব্যবসায় শিক্ষা অনুষদ প্রদক্ষিণ করে অপরাজেয় বাংলায় গিয়ে শেষ হয়।

মোসাহিদা সুলতানা বলেন, বিশ্ববিদ্যালয় প্রশাসন আধিপত্যবাদী সংস্কৃতি বজায় রাখতে চায়, যা গণতান্ত্রিক দেশের জন্য হুমকিস্বরূপ। বিশ্ববিদ্যালয় প্রশাসন ডাকসু নির্বাচনকে আধিপত্যের বিরুদ্ধে হুমকি মনে করে।

উম্মে হাবিবা বেনজীর বলেন, ক্যাম্পাসে শিক্ষার্থীদের অধিকার রক্ষা ও সুষ্ঠু গণতান্ত্রিক চর্চার জন্য অবিলম্বে ডাকসু নির্বাচন দিতে হবে। এটা শুধু দাবি নয়, এটা আমাদের অধিকার।'

পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং............
তারিখ............

| | |
|---|---|
| চীফ, পরিকল্পনা বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর